যুগান্তর

তারিখ ..29 NOV 2015...
পৃষ্ঠা ..১৯.. কলাম....৩.....

# বিএম কলেজে শিবির কর্মীকে গণধোলাই

বরিশাল ব্যুরো

বরিশাল সরকারি বিএম কলেজে এক শিবির কর্মীকে গণধোলাই দিয়েছে সাধারণ শিক্ষার্থীরা। শনিবার বেলা ২টায় কলেজের ইংলিশ ল্যাংগুয়েজ ক্লাবে এ ঘটনা ঘটে। আহত কর্মীর নাম আবু মুসা। সে কলেজের ইংলিশ ল্যাংগুয়েজ ক্লাবের সদস্য। পরে ক্লাবের সদস্যদের সহায়তায় মুসা পালাতে সক্ষম হয়।

প্রত্যক্ষদর্শীরা জানায়, বেলা দেড়টায় ল্যাংগুয়েজ ক্লাবের ভেতরে মুসা অপর দুই শিক্ষার্থীকে নিয়ে প্রবেশ করে। কিছুক্ষণ পর ওই ক্লাবের ভেতর ১০-১২ জন ছাত্রলীগ কর্মী প্রবেশ করে। এরপর ক্লাবের মধ্য থেকে মওদুদির লেখা ৩-৪টি বই উদ্ধার করে তারা। এ সময় মুসার কাছেও দুটি বই পাওয়া যায়। এরপর ঘটনাস্থল থেকে মুসার সঙ্গে থাকা অপর দু'জন পালালেও মুসাকে গণধোলাই দেয়া হয়। যারা মারধর করেছে তারা সবাই কলেজ ছাত্রলীগের কর্মী।

কলেজ অধ্যক্ষ অধ্যাপক সম ইমানুল হাকিম বলেন, বিষয়টি সম্পর্কে তিনি জানেন না।